

# এই ডিসেম্বরে বাংলাদেশ কমপিউটার সমিতির নির্বাচন

স্ট্রীক রিপোর্টার ১ আগামী ১৫ ডিসেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে বাংলাদেশ কমপিউটার সমিতি তথা বিসিএসের ২০১২-১৩ মেয়াদের নির্বাহী পরিষদের নির্বাচন। একই সময়ে অনুষ্ঠিত হবে এ মেয়াদের জন্য এ সমিতির অন্যান্য শাখা কমিটির নির্বাচন। সমিতি সূত্রমতে, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হবে এ নির্বাচন। এ নির্বাচনে সমিতির ৬৮৯ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

নির্বাচনী তফসিল অনুসারে গত ২২ নভেম্বর প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হয়। তফসিল মোতাবেক ২৪ নভেম্বর প্রার্থিতা প্রত্যাহার শেষে চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত হয়। প্রার্থী পরিচিতি সভা ছিল ৮ ডিসেম্বর। নির্বাচনের দিন সকাল ১০টায় ভোটাধিবেদন শুরু হবে। শেষ হবে বিকেল ৪টায়। একই দিনে ভোট গণনা ও ফল ঘোষণার কথা রয়েছে। এ নির্বাচন শেষে পল কন্টিনেন্টের কাজ চলবে ১৭ ডিসেম্বর। ফল সম্পর্কে আপত্তি জানানোর শেষ সুযোগ ১৮ ডিসেম্বর বিকেল ৫টা পর্যন্ত। ফল সম্পর্কিত আপত্তির শুনারি ও নিষ্পত্তির দিন নির্ধারিত হয়েছে ২০ ডিসেম্বর।

জানা গেছে, এবারের নির্বাচনে প্রতিযোগিতা করার জন্য ১৬ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন। এরা হচ্ছেন : মোস্তাফা জব্বার, মোঃ ফয়াজ উল্লাহ খান, মোঃ মঈনুল ইসলাম, এটি শফিকউদ্দিন আহমেদ, মজিবুর রহমান স্বপন, শাহিদ-উল-মুনির, কাজী শামসুদ্দিন আহমেদ লাভলু, বিএম ইনাম বেনিন, আজহার হোসেন খান, জাব্বার রহমান শাহিন, নাজমুল আলম ভূঁইয়া জুয়েল, মজহার ইমাম চৌধুরী, মোঃ মোস্তাফিজুর রহমান, এসএম ওয়াজিহুজ্জামান, মোঃ আহসান হাবিব ও আব্দুল মঈন খান।

এবারের নির্বাচনী বোর্ডের চেয়ারম্যান হিসেবে সারিত্ব পালন করবেন অশেষ রঞ্জন সাহা। এ বোর্ডের সদস্য থাকছেন দু'জন : খানসার

অতিক-ই-রব্বানী ও এএইচএম মাহফুজুল আরিফ। অর্পিল বোর্ডের চেয়ারম্যানের দায়িত্ব পালন করবেন অখতারুজ্জামান মঞ্জু। অর্পিল বোর্ডের দুই সদস্য হচ্ছেন এস কবির আহমেদ ও মোঃ কামরুল ইসলাম।

উল্লেখ্য, সুপরিচিত ব্যবসায়ী



আফতাবুল ইসলামকে উপ-সভাপতি করে গঠিত হয় সমিতির ১৯৮৭-১৯৯১ মেয়াদের কার্যনির্বাহী কমিটি। এ কমিটির সেক্রেটারি জেনারেলের দায়িত্ব পালন করেন মঈন খান।

১৯৯১ সালের দিকে এসে একটি খসড়া 'মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিক্যাল অব অ্যাসোসিয়েশন' প্রণীত হয়। এপর এর বাংলা অনুবাদ সংকরণ প্রকাশ করা হয়। এর মাঝে বাংলাদেশ সরকারের বিদ্যমান আইন ও বিধিবিধানের সাথে সমন্বয় সাধন করা হয়।

বাংলাদেশ কমপিউটার সমিতি দেশের হার্ডওয়্যার ও সফটওয়্যার ভেঞ্চারদের প্রতিনিধিত্বকারী একমাত্র লাইসেন্সপ্রাপ্ত ও নিবন্ধিত সমিতি। এটি দেশের তথ্যপ্রযুক্তি খাতের একমাত্র সমিতি বলেও স্বীকৃত। এটি দেশের ব্যবসায়ীদের শীর্ষ সমিতি ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির 'এ' ক্যাটাগরির সদস্য। বিসিএস আন্তর্জাতিক প্রতিষ্ঠান ডব্লিউআইএসটিএ এবং অ্যাসোসিয়েট'র সাথে যুক্ত।

১৯৮৭ সাল থেকে আজ পর্যন্ত বিসিএস চোঁটা করে যাচ্ছে দেশের কমপিউটার ভেঞ্চারদের একটি প্রায়ফর্মের ঐক্যবদ্ধ রাষ্ট্রে এবং তাদের সচ্ছন্দ্য সব ধরনের উৎসাহ যোগানোর মাধ্যমে তাদের অধিদ্রা স্বর্ধরকার করে চলতে। এটি এখন তাদের সুরক্ষা দেয়ার অন্যতম প্রতিষ্ঠানে

পরিণত। সমিতি সরকারের সাথে একযোগে কাজ করে যাচ্ছে দেশে আইনসিটি সম্পর্কে সব স্তরের মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য। এজন্য সমিতি ঢাকাসহ বিভাগীয় ও জেলা শহরগুলোতে সচেতনতামূলক নানা অনুষ্ঠানের আয়োজন করে আসছে। বিসিএস সেই সাথে কাজ করে যাচ্ছে সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নকে বাস্তবে রূপ দেয়ার জন্য।



মোস্তাফা জব্বার, মোঃ ফয়াজ উল্লাহ খান, মোঃ মঈনুল ইসলাম, এটি শফিকউদ্দিন আহমেদ



মজিবুর রহমান স্বপন, শাহিদ-উল-মুনির, কাজী শামসুদ্দিন আহমেদ লাভলু, বিএম ইনাম বেনিন



আজহার হোসেন খান, জাব্বার রহমান শাহিন, নাজমুল আলম ভূঁইয়া জুয়েল, মজহার ইমাম চৌধুরী



মোঃ মোস্তাফিজুর রহমান, এসএম ওয়াজিহুজ্জামান, মোঃ আহসান হাবিব, আব্দুল মঈন খান

পেশাজীবী এসএম কামাল প্রথম বাংলাদেশ কমপিউটার শিল্প খাতের হার্ডওয়্যার ও সফটওয়্যার ভেঞ্চারদের সমন্বয়ে একটি সমিতি গড়ে তোলার ধারণা নিয়ে আসেন। সে সূত্রেই ১১ সদস্যের একটি আভ্যন্তরীণ কমিটি গঠনের মধ্য দিয়ে ১৯৮৭ সালে সূচনা ঘটে বাংলাদেশ কমপিউটার সমিতির অভিব্যক্তি। এসএম কামালকে মনোনীত প্রতিষ্ঠাতা সভাপতি ও